গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।

স্মারক নং-৫৮.০৩.০০০০.০০৩.২৩.১৬৭.১৪-২৫৫৭/৯৩৩ তারিখ: ১৮/১১/১৪৩১ ব.
০৩/০৩/২০২৫ খ্রি.

বিষয় : আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৫ উদযাপন উপলক্ষে জরুরী সেবা কার্যক্রম নিশ্চিতকরণ ও জেনারেল ষ্ট্যান্ডবাইসহ ছুটি সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৫ উদযাপন উপলক্ষে আইন শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা ও জনগণের জানমালের নিরাপত্তা বিধানে সরকার নানামুখী পদক্ষেপ গ্রহণ করেছেন। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর জরুরি সেবাধর্মী প্রতিষ্ঠান হিসেবে সর্বদাই জন কল্যাণে নিয়োজিত থাকে। তাই জনগণের ঈদ আনন্দ-নিরাপদ ও নির্বিঘ্ন করতে পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৫ উদযাপন উপলক্ষ্যে কাঙ্খিত সেবা প্রদান কাজ নিশ্চিত করতে নিম্নোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন করতে হবে।

ক। কর্মস্থলে অবস্থানছুটি/নির্দেশনাসমূহ:

১। বিভাগ পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে উপপরিচালক/সহকারী পরিচালককে নিজ কর্মস্থলে অবস্থান নিশ্চিত করতে হবে।
২। বৃহত্তর জেলা পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে সহকারী পরিচালক/উপ সহকারী পরিচালককে নিজ কর্মস্থলে অবস্থান নিশ্চিত করতে হবে।
৩। জেলা পর্যায়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা হিসাবে সহকারী পরিচালক/উপ সহকারী পরিচালক/স্টাফ অফিসারকে নিজ নিজ কর্মস্থলে অবস্থান নিশ্চিত করতে হবে।
৪। ১ম শ্রেণীর ফায়ার স্টেশনের সিনিয়র স্টেশন অফিসার/স্টেশন অফিসার'কে ফায়ার স্টেশনে অবস্থান নিশ্চিত করতে হবে।
৫। ২য়/৩য়/নদী ফায়ার স্টেশনের স্টেশন অফিসার/সাব-অফিসার/লিডার কে'ফায়ার স্টেশনে অবস্থান নিশ্চিত করতে হবে।
৬। ঈদ-উল-ফিতর-২০২৫ উদযাপন প্রাক্কালে অপারেশনাল কর্মকর্তা-কর্মচারীদের ক্ষেত্রে শর্ত সাপেক্ষে ৩০% ছুটি দেয়া যাবে।
৭। দেশের সকল ফায়ার স্টেশন ২৮-০৩-২০২৫ হতে ০৭-০৪-২০২৫ খ্রিঃ তারিখ পর্যন্ত জেনারেল ষ্ট্যান্ডবাই হিসেবে নিয়োজিত থাকবে।

খ। সেবামূলক কার্যক্রম:

১। দেশের বিভিন্ন স্থানে হাইওয়েতে যে কোন দুর্ঘটনায় উদ্ধার কাজে গাড়ি ও এ্যাম্বুলেন্স নিয়োজিত করতে হবে।
২। স্থানীয় প্রশাসন, হাইওয়ে পুলিশ, নৌ-পুলিশ এবং স্থানীয় থানার টেলিফোন নাম্বার সংগ্রহসহ সংশ্লিষ্ট জন প্রতিনিধিদের সাথে যোগাযোগ রাখতে হবে।
৩। হাইওয়ে সংলগ্ন ফায়ার স্টেশন, নদী বন্দর ও দুর্ঘটনা প্রবণ এলাকায় দুর্ঘটনা রোধ কল্পে গণসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে ব্যাপক জনসংযোগ ব্যানার ব্যবহার ও লিফলেট বিতরণ করতে হবে।
৪। হাইওয়ে সংলগ্ন ফায়ার স্টেশনগুলোতে কর্মঠ ও দক্ষ স্টেশন অফিসারের অবস্থান নিশ্চিত করতে হবে।
৫। হাইওয়ে সংলগ্ন ফায়ার স্টেশন সমূহ সর্বোচ্চ সতর্ক অবস্থায় থাকবে এবং যে কোন দুর্ঘটনায় দ্রুত সাড়া প্রদান করবে।
৬। ঢাকা মহানগরীর জাতীয় ঈদগাহ ময়দান হাইকোর্ট এলাকা,বঙ্গভবন, গণভবন, কমলাপুর রেল স্টেশন, বিমান বন্দর স্টেশন, বেইলী রোড অফিসার্স ক্লাব, বায়তুল মোকারম জাতীয় মসজিদ এলাকাসহ প্রশাসনের চাহিদামত প্রয়োজনীয় অগ্নি নিরাপত্তা ইউনিট নিয়োজিত করতে হবে।
৭। ঢাকা, চট্টগ্রাম, গাজীপুর, নারায়ণগঞ্জ, সাভার ও নরসিংদীর শিল্পাঞ্চলসহ অন্যান্য শিল্পাঞ্চলে সম্ভাব্য কোন অগ্নি দুর্ঘটনা মোকাবিলার জন্য বিশেষ সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৮। মহা নগর/শহর/বাস টার্মিনাল/রেল ষ্টেশন/লঞ্চ টার্মিনাল/শপিং মল/মার্কেট ও বিনোদন কেন্দ্র এলাকায় পিকআপ গাড়ি দিয়ে টহল ডিউটি করতে হবে।
৯। শহর এলাকায় ঝড়, বৃষ্টিতে জলাবদ্ধতার সৃষ্টি হলে জন দুর্ভোগ লাঘবে রেসকিউ গাড়ি/রেসকিউ বোট/লাইফ বোট ইত্যাদির মাধ্যমে শিশু, প্রতিবন্ধী ও বয়স্কদের পারাপারে সহযোগিতা করতে হবে।
১০। প্রতিটি বিভাগীয় হেড কোয়ার্টারে ৪০ জন এবং জেলা সদরে ২০ জনের রিজার্ভ টিম প্রস্তুত রাখতে হবে।
১১। স্থানীয় ভলান্টিয়ারদের কাজে নিয়োজিত করতে হবে এবং তাদের নাম ঠিকানা সংগ্রহে রাখতে হবে।
১২। ঈদ-উল-ফিতর, ২০২৫ উদযাপন প্রাক্কালে ট্রেনিং কমপ্লেক্সমিরপুর,, ঢাকার ০১টি টিম প্রস্তুত রাখতে হবে।
১৩। উপপরিচালক, ঢাকা কর্তৃক প্রণীত কর্মপরিকল্পনা মোতাবেক ঢাকা মহানগর ও তৎসংলগ্ন জেলা সমূহে এবং অন্যান্য বিভাগের জেলা গুলোতে একই নির্দেশনা বাস্তবায়ন করতে হবে। প্রণীত কর্মপরিকল্পনার কপি যথাশীঘ্র অধিদপ্তরে প্রেরণ করতে হবে। অন্যান্য বিভাগ কর্তৃক এ উপলক্ষ্যে কর্মপরিকল্পনা প্রণয়ন করবে এবং উহার কপি অধিদপ্তরে প্রেরণ করবে।
১৪। ঈদ-উল-ফিতর, ২০২৫ উদযাপন প্রাক্কালে প্রতিটি বিভাগে মেকানিক, সহঃ মেকানিক ও ইলেকট্রিশিয়ানের সমন্বয়ে ০২টি গ্রুপ করে টিম প্রস্তুত রাখতে হবে।

এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা তাঁর আওতাধীন সকল দপ্তর/স্টেশনে পত্র জারি করতে এবং এর বাস্তবায়ন তদারকি করতে অনুরোধ করা হলো।

০৩/০৩/২০২৫
লেঃ কর্নেল মোহাম্মদ তাজুল ইসলাম চৌধুরী
এসজিপি, পিএসসি
পরিচালক (অপাঃ ও মেইনঃ)

উপপরিচালক/অধ্যক্ষ
ফায়ার সর্ভিস ও সিভিল ডিফেন্স
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট/ময়মনসিংহ/ট্রেনিং কমপ্লেক্স।

স্মারক নং-৫৮.০৩.৩০৬১.০০২.০৩.০২৪.১৭- ৪৬২ তারিখঃ ২১ ফাল্গুন ১৪৩১ বঙ্গাব্দ।
০৬ মার্চ ২০২৫ খ্রিষ্টাব্দ।

পত্রের মর্মানুযায়ী "আসন্ন পবিত্র ঈদ-উল-ফিতর-২০২৫" উদযাপন উপলক্ষে অধিদপ্তর কর্তৃক প্রণীত জরুরী সেবামূলক কার্যক্রম নিশ্চিতকরণ ও জেনারেল স্ট্যান্ডবাইসহ ছুটি সংক্রান্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নসহ এ বিষয়ে গৃহীত কর্মপরিকল্পনা আগামী ২০/০৩/২০২৫ খ্রি: তারিখের মধ্যে এ দপ্তরে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

০৬/৩/২০২৫
মোঃ মনিরুজ্জামান
উপপরিচালক
ফোনঃ ০২৯৯৬৬৬৯০৮৮

বিতরণঃ

অবগতিঃ

১. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা। মহোদয়ের সদয় অবগতির জন্য।

কার্যার্থেঃ

১. সহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, ময়মনসিংহ/জামালপুর।
২. উপসহকারী পরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, কিশোরগঞ্জ/নেত্রকোণা/শেরপুর।
৩. ভারপ্রাপ্ত কর্মকর্তা, বিভাগীয় নিয়ন্ত্রণ কক্ষ, ময়মনসিংহ। তাঁকে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য।